রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ২৪, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর-৩০৪-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"জিপিএ"** অর্থ Grade Point Average (GPA);

(খ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(গ) **"পদ"** বা **"কমন পদ"** অর্থ তফসিল-১ এর কলাম (২) এ উল্লিখিত পদ;

(ঘ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ কোনো পদের জন্য তপশিল-১ এর কলাম (৫) এ উল্লিখিত যোগ্যতা;

(ঙ) **"বিভাগীয় প্রার্থী"** অর্থ এরূপ কর্মচারী যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত;

(চ) **''সিজিপিএ''** অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং


**মূল্য :** টাকা ১৬.০০

(ছ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড"** অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **বিশেষ বিধান।**—(১) নিয়োগ পদ্ধতি, সরাসরি নিয়োগ, পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও শিক্ষানবিশ সংক্রান্ত সাধারণ বিধানসমূহ, তপশিল ব্যতীত, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর জন্য প্রযোজ্য কর্মচারী নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী নির্ধারিত হইবে।

(২) তপশিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির মাধ্যমে কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ হইলে উভয় প্রকার কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৪। **রহিতকরণ।**—নিম্নবর্ণিত বিধিমালাসমূহ, অতঃপর উক্ত বিধিমালাসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল, যথা:—

(ক) The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978;

(খ) The Stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978; এবং

(গ) নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩।

৫। **হেফাজত।**—(১) বিধি ৪ এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালাসমূহের অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে উহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত বিধিমালাসমূহের অধীন কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে, প্রয়োজনীয় অভিযোজনসহ (*mutatis mutandis*), এই বিধিমালার বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে, প্রযোজ্য ক্ষেত্রে, উক্ত রহিতকৃত বিধিমালাসমূহের অধীন কোনো নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোনো কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে চাকুরির শৃঙ্খলা সংক্রান্ত কোনো কার্যক্রম চলমান থাকিলে বা দণ্ড আরোপ করা হইলে উহা এইরূপভাবে চলমান থাকিবে যেন বিধি ৪ এর অধীন সংশ্লিষ্ট বিধিমালা রহিত হয় নাই।

(২) সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল আপিল নং ৪৮/২০১১ এ প্রদত্ত রায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের তপশিল-৪ এর দফা ১৯ বাতিল ঘোষণা করায় "The Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984", অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, অবৈধ ও বাতিল হইয়াছে এবং উক্ত Rules এর অধীন মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তরে নিয়োগ প্রাপ্তদের যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে উহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে, প্রয়োজনীয় অভিযোজনসহ (*mutatis mutandis*), এই বিধিমালার বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে।

৬। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা প্রয়োগ করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, সরকার, এই বিধিমালার অন্যান্য বিধানাবলির সহিত সঙ্গতি রক্ষা করিয়া, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

**তপশিল-১**

**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি। |
| ২। | উচ্চমান সহকারী | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৫০% (পঞ্চাশ শতাংশ) পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% (পঞ্চাশ শতাংশ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকুরি বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসর চাকুরি বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসর চাকুরি বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসর চাকুরি; এবং<br>(খ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৫০% (পঞ্চাশ শতাংশ) পদ পদোন্নতির মাধ্যমে:<br><br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>(খ) মোট পদের ৫০% (পঞ্চাশ শতাংশ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br><br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি;<br><br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br><br>(গ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br><br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br><br>(গ) তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br><br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br><br>(গ) তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৪০% (চল্লিশ শতাংশ) পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি মাধ্যমে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৬০% (ষাট শতাংশ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা ডেসপাচ রাইডার পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা দপ্তরী পদে অন্যূন ৪ (চার) বৎসর চাকুরি বা অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি বা ফটোকপি অপারেটর, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তপশিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৪০% (চল্লিশ শতাংশ) পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৬০% (ষাট শতাংশ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা ডেসপাচ রাইডার পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা দপ্তরী পদে অন্যূন ৪ (চার) বৎসর চাকুরি বা অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি বা ফটোকপি অপারেটর, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তপশিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭। | প্লেইন পেপার কপিয়ার | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) ফটোকপি অপারেটর পদে ২ (দুই) বৎসর চাকুরি বা ডেসপাচ রাইডার পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা দপ্তরী পদে অন্যূন ৪ (চার) বৎসর চাকুরি বা অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি বা ফটোকপি অপারেটর, দপ্তরী ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | ফটোকপি অপারেটর | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) দপ্তরী পদে ২ (দুই) বৎসর চাকুরি বা অফিস সহায়ক পদে ৫ (পাঁচ) বৎসর চাকুরি অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | ডেসপাচ রাইডার | অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসর চাকুরি বা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি অথবা দপ্তরী ও অফিস সহায়ক উভয় পদে সম্মিলিতভাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরি; এবং |
| | | | | (খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসর চাকুরি। |
| ১১। | অফিস সহায়ক | অন্যূন ৩০ (ত্রিশ)বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তপশিল-২**

**[তপশিল-১ দ্রষ্টব্য]**

উচ্চমান সহকারী, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং প্লেইন পেপার কপিয়ার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

**ব্যাখ্যা :** (১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) উচ্চমান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য তফশিল-৩ এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী এবং কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তফশিল-৪ এ বর্ণিত পরীক্ষা।

(২) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তপশিল-৩**

**[তপশিল-১ দ্রষ্টব্য]**

উচ্চমান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি:

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | (সাঁটলিপি) | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | (সাঁটলিপি) | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| উচ্চমান সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তপশিল-৪**

**[তপশিল-১ দ্রষ্টব্য]**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী এবং কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটর মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর, ইত্যাদি:

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

**ব্যাখ্যা :** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তপশিল-৫**

**[তপশিল-১ দ্রষ্টব্য]**

ফটোকপি অপারেটর, ডেসপাচ রাইডার ও অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd